



ছবি



ভিডিও



ভিডিও

## শিক্ষা

# প্রকৌশলে গুচ্ছ ভর্তিতে প্রথম মর্সন, দ্বিতীয় প্রতীক ও তৃতীয় তাহমিদ

সংবাদদাতা চট্টগ্রাম প্রকৌশল বিশ্ববিদ্যালয়



উপরে বাঁ থেকে ইশতিয়াক মর্সন, প্রতীক রসুল ও ওয়াসি তাহমিদ। নিচে বাঁ থেকে মাহদিয়াত তারানুম, তাসনিম আশরাফ ও ফাজরিন আনজুম ছবি: সংগৃহীত

By using this site, you agree to our Privacy Policy. OK

প্রকৌশল গুচ্ছের তিন বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট), খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এবং রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (রুয়েট) ২০২৩-২৪ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষের সমন্বিত ভর্তি পরীক্ষার ফলাফল গতকাল শনিবার দিবাগত মধ্যরাতে প্রকাশ করা হয়।

‘ক’ গ্রুপের ভর্তি পরীক্ষায় প্রথম হয়েছেন মো. ইশতিয়াক মর্দন (ভর্তি পরীক্ষার রোল নম্বর ১১৫৮৯৭) এবং দ্বিতীয় হয়েছেন প্রতীক রসুল (ভর্তি পরীক্ষার রোল নম্বর ৩১৬৩৯৮)। তাঁরা দুজনই নটর ডেম কলেজের শিক্ষার্থী ছিলেন বলে জানা গেছে। এ ছাড়া ভর্তি পরীক্ষায় তৃতীয় হয়েছেন রাজশাহী কলেজের শিক্ষার্থী সরকার মো. ওয়াসি তাহমিদ (ভর্তি পরীক্ষার রোল নম্বর ৩২০১৬২)।

ইশতিয়াক মর্দন প্রথম আলোকে বলেন, ‘ভর্তি পরীক্ষায় প্রথম স্থান অধিকার করে অনেক ভালো লাগছে। আমার এই কৃতিত্বের পেছনে যাঁদের অবদান, বিশেষ করে আমার মা-বাবা ও শিক্ষকমণ্ডলীর কাছে আমি আজীবন কৃতজ্ঞ থাকব।’

অন্যদিকে ‘খ’ গ্রুপে প্রথম হয়েছেন মাহদিয়াত তারান্নুম (ভর্তি পরীক্ষার রোল নম্বর ১২০১১১) এবং মেধাতালিকায় দ্বিতীয় অবস্থানে রয়েছেন তাসনিম আশরাফ (ভর্তি পরীক্ষার রোল নম্বর ২২০২৪৭)। এ ছাড়া তৃতীয় হয়েছেন ফাজরিন আনজুম (ভর্তি পরীক্ষার রোল নম্বর ৩২০২১৭)।

ভর্তি বিজ্ঞপ্তি অনুযায়ী, মেধাতালিকায় স্থান পাওয়া শিক্ষার্থীরা আগামী ২১ এপ্রিল থেকে অনলাইনের মাধ্যমে বিশ্ববিদ্যালয় ও বিভাগ পছন্দের ফরম পূরণ করতে পারবেন। ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থীদের ইঞ্জিনিয়ারিং বিভাগগুলো এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের জন্য ৩৯টি পছন্দসহ একটি পছন্দক্রম এবং স্থাপত্য বিভাগের জন্য তিনটি পছন্দসহ আলাদা একটি পছন্দক্রম পূরণ করতে হবে। ফরমে থাকা যেকোনো তথ্য ২৭ এপ্রিল সকাল ৯টা পর্যন্ত পরিবর্তন করতে পারবেন শিক্ষার্থীরা।

এ ছাড়া বিজ্ঞপ্তিতে মেধাতালিকায় স্থান পাওয়া ‘ক’ গ্রুপের প্রথম ৩ হাজার ৫০০ জন এবং ‘খ’ গ্রুপের প্রথম ১২০ জনকে ২৮ এপ্রিল সকাল সাড়ে ৯টা থেকে বেলা সাড়ে ৩টা পর্যন্ত যে কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করেছিলেন, সে কেন্দ্রে গিয়ে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে বলা হয়েছে। এবার ভর্তি ফি নির্ধারণ করা হয়েছে সাড়ে ১৮ হাজার টাকা।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 prothomalo.com

By using this site, you agree to our Privacy Policy.

